**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
ভোকেশনাল শাখা

**Web site : www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(১) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়ঃ চূড়ান্ত কেন্দ্র তালিকায় অর্ন্তভুক্তি ও কেন্দ্রের কেন্দ্রসচিব নিয়োগ।

আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি. তারিখ থেকে অত্র বোর্ডের অধীন অনুষ্ঠেয় এসএসসি(ভোক) ও দাখিল (ভোক), দশম শ্রেণি পরীক্ষা-২০১৯ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের নিমিত্ত আপনার প্রতিষ্ঠানকে কেন্দ্র নির্বাচনপূর্বক আপনাকে উক্ত কেন্দ্রের কেন্দ্রসচিব নিয়োগ করা হয়েছে। কেন্দ্রসচিব হিসেবে নিম্নোক্ত দায়িত্বসমূহ/নির্দেশনা প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছেঃ

(১) পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রবেশপত্র ও পরীক্ষা সামগ্রী গ্রহণের ছক অনুযায়ী আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশপত্র ও অলিখিত উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য পরীক্ষা সামগ্রী বোর্ড হতে গ্রহণ করতে হবে।

(২) পরীক্ষা সামগ্রী গ্রহণের সময় আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সংখ্যা হিসেব করে একটি চাহিদাপত্র তৈরি করে আনবেন।

(৩) কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের অনলাইনে প্রেরিত তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবহিক (TC ও PC) নম্বরের হার্ড কপি বোর্ডের ৭ম তলায় ভোকেশনাল শাখায় যথাসময়ে জমা দান নিশ্চিত করবেন।

(৪) এরূপ জমা না দেয়া প্রতিষ্ঠানকে প্রবেশপত্র প্রদান করা যাবে না।

(৫) কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের নিকট বোর্ডের পরীক্ষা সংক্রান্ত বকেয়া পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের আগেই তা পরিশোধ করতে হবে।

(৬) সুষ্ঠুভাবে ব্যবহারিক পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে প্রতি বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক শিক্ষককে তাদের প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য আভ্যন্তরিন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহির থেকে অনাভ্যমন্তরিণ পরীক্ষক নিয়োগ করে তাদের দ্বারা পরীক্ষা পরিচালনা করতে হবে।

(৭) ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর নির্ধারিত তারিখে কেন্দ্রাধীন প্রতিষ্ঠানের সকল পরীক্ষার্থীর অন লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বরের (PF) হার্ড কপি ও হাজিরাশিট রোলের ক্রম অনুযায়ি সাজিয়ে বই আকারে বাঁধাই করে যথাসময়ে অবশ্যই বোর্ডের ৭ম তলা ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

(৮) লিথুযুক্ত ও লিথু বিহীন অলিখিত উত্তরপত্র ব্যবহারের একটি ইস্যু রেজিষ্ট্রারে ব্যবহারের হিসাব রাখতে হবে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩

প্রাপকঃ
প্রতিষ্ঠান প্রধান/কেন্দ্রসচিব (পরীক্ষা কেন্দ্র)
(সকল)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(১) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।]
২-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল) ...............................................................
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল) .................................................
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। চেয়ারম্যান, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ আবুল হোসেন)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২৪৮১১১১৬৪

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
ভোকেশনাল শাখা
**Website : www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(২) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়ঃ ২০১৯ সনের এসএসসি (ভোকঃ)/ দাখিল (ভোকঃ) দশম শ্রেণির চূড়ান্ত পরীক্ষা পরিচালনা।

আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের অধীন চূড়ান্ত পরীক্ষার জন্য বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানকে পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও আপনাকে উক্ত কেন্দ্রের কেন্দ্রসচিব নিয়োগ করা হ'ল। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণকল্পে আপনাকে প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক (ইনভিজিলেটর), অভ্যন্তরীণ/অনান্তরীণ ব্যবহারিক পরীক্ষক, সাধারণ সহকারি/কর্মচারি ইত্যাদি নিয়োগের এবং পরীক্ষা সমাপ্তির পর নিয়মানুযায়ী কেন্দ্র সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারীদের পারিশ্রমিক পরিশোধের ক্ষমতা অর্পন করা হ'ল।

১. পরীক্ষা কেন্দ্রের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্থানীয় জেলা/উপজেলা ও পুলিশ প্রশাসনের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের হাজিরা শিট, পরীক্ষা সংক্রান্ত তথ্য বিবরণী ও ব্যবহারিক পরীক্ষার চূড়ান্ত নম্বরপত্র সঠিকভাবে, নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে পৌঁছানোর নিমিত্ত বোর্ড কর্তৃক জারীকৃত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি অনুসরণ করার জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হ'ল।
২. প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শির এক চতুর্থাংশ আপনার প্রতিষ্ঠান হতে এবং অবশিষ্ট তিন চতুর্থাংশ পরিদর্শি নিকটবর্তী অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হল। কোন পরিদর্শি তার নিজস্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষে দায়িত্ব পালন করতে পারবেন না।
৩. অনিবার্য কারণ ব্যতীত ভেন্যু থাকবে না।
৪. নকলমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষে নকল প্রতিরোধের সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপনার কেন্দ্র নকলপ্রবণ হিসেবে চিহ্নিত হলে ভবিষ্যতে তা বাতিল হবে। এ ক্ষেত্রে আপনার কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৫. পরীক্ষা কক্ষের আসন ব্যবস্থা ১ বর্গ মিটার দূরত্বে হতে হবে এবং বোর্ড কর্তৃক প্রদত্ত রোল নম্বরের ক্রমানুসারে আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এর কোন ব্যতিক্রম হলে পরবর্তীতে আপনার প্রতিষ্ঠানের কেন্দ্র বাতিল করা হবে।
৬. বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ (বোর্ড থেকে সংগ্রহ করতে হবে) অনুসরণ করে পরীক্ষা পরিচালনা করতে হবে।
৭. জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থানীয়ভাবে গঠনকৃত ভিজিলেন্স টিম এসএসসি(ভোকঃ) ও দাখিল(ভোকঃ) পরীক্ষার সরেজমিন মনিটরিং-এর দায়িত্বে থাকবেন।
৮. নির্ধারিত সময়ের মধ্যে সকল নম্বর (TC,PC,PF ও IA নম্বর) অনলাইনের মাধ্যমে প্রেরণ করতে হবে।
৯. কেন্দ্রাধীন পরীক্ষার্থীদের হাজিরাশিট রোলের ক্রম অনুযায়ী সাজিয়ে অবশ্যই বই আকারে বাঁধাই করে পরীক্ষা সমাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে বোর্ডের ভোকেশনাল শাখায় পৌঁছাতে হবে। অন্যথায় বিধি মোতাবেক কেন্দ্রের বিরম্নদ্ধে বোর্ড কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. সকল পরীক্ষা (তাত্ত্বিক ও ব্যবহারিক) গ্রহণ শেষে অনুপস্থিত ও বহিসৃকত পরীক্ষার্থীদের সংকলিত তথ্য অনলাইনে বোর্ড বরাবরে প্রেরণে এবং এর
হার্ড কপিও পরবর্তীতে ভোকেশনাল শাখা (৭ম তলা) হাজিরাশিট জমা দানকালে দাখিল করতে হবে। বহিস্কারের ক্ষেত্রে বোর্ড প্রদত্ত বহিস্কার সংক্রান্ত ফরম ১, ২, ৩ যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। দৈনন্দিন পরীক্ষার তথ্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কন্ট্রোল রম্নমে প্রেরণ করতে হবে।
১১. পরীক্ষার দিনের উত্তরপত্র ব্যবহার সম্পর্কিত হিসাব পরীক্ষা শেষ হওয়ার সাথে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করতে হবে, (লিথো টপ সংখ্যা=ব্যবহৃত উত্তরপত্রের সংখ্যা=উপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা)
১২. পরীক্ষার দৈনন্দিন তথ্য নিমণবর্ণিত ছক মোতাবেক মেইল করতে হবে ( পরীক্ষা নিয়ন্ত্রক-controller@bteb.gov.bd ও paulksusil@yahoo.com, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-abulhossainhaulader@gmail.com, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-mdsarder.bteb@gmail.com)।

| ক্রমিক নং | মোট পরীক্ষার্থী | উপস্থিত | অনুপস্থিত (রোলসমুহ) |
|---|---|---|---|
| | | | |

উল্লিখিত ব্যবস্থাপনার যেন ব্যত্যয় না ঘটে সে ব্যপারে সতর্ক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯১১৩২৮৩

প্রাপকঃ
অধ্যক্ষ/কেন্দ্রসচিব (সকল)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(২) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।]

২ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

৩-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। জেলা প্রশাসক (সকল) ……………………………………………………………

৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ……………………………………………………

৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৯। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ আবুল হোসেন)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২৪৮১১১১৬৪

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৩) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়ঃ ২০১৯ সনে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকঃ) / দাখিল(ভোকঃ) চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও এর নম্বর বোর্ডে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৯ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকঃ)/ দাখিল (ভোকঃ) দশম শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় আপনার কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণকল্পে নিম্নোক্ত নির্দেশাবলি অনুসরণ করতে হবেঃ

১। ব্যবহারিক পরীক্ষা সংশ্লিষ্ট কেন্দ্রে গ্রহণ করতে হবে।

২। কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের সুবিধা না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতিক্রমে কেন্দ্র সচিব কেন্দ্রভূক্ত যে কোন প্রতিষ্ঠানে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৩। তাত্ত্বিক পরীক্ষা শেষে ২৪/০২/২০১৯ তারিখ থেকে ২৮/০২/২০১৯ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৪। অভ্যমন্তরীণ এবং অনাভ্যমন্তরীণ পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিষয় শিক্ষক অভ্যমন্তরীণ এবং বাহিরের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক অনাভ্যমন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫। ব্যবহারিক উত্তরপত্রগুলো রোলের ক্রমানুসারে সাজিয়ে কেন্দ্রে সংরক্ষন করতে হবে, যেন চাহিবামাত্র তা বোর্ডে পাঠানো সহজ হয়।

৬। ব্যবহারিক পরীক্ষা শেষে ০৩/০৩/২০১৯ তারিখের মধ্যে বিষয়ভিত্তিক ব্যবহারিক নম্বর অনলাইনে প্রেরণ করতে হবে ।

৭। নির্দিষ্ট তারিখের মধ্যে ব্যবহারিক নম্বরের হার্ডকপি কেন্দ্রসচিব/তাঁর প্রতিনিধির মাধ্যমে ভোকেশনাল শাখায় জমা দিতে হবে। হার্ডকপি অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ পরীক্ষক কর্তৃক যৌথভাবে স্বাক্ষরিত হতে হবে।

৮। অনলাইনে নম্বর এন্ট্রিতে কোনরূপ জটিলতা/সমস্যা হলে বোর্ডের কম্পিউটার সেলে (মোবাইলঃ ০১৫৫০৬২০৬০৪) যোগাযোগ করা যেতে পারে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩

প্রাপকঃ

কেন্দ্র সচিব (সকল)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৩) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলঃ

১-৩। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। জেলা প্রশাসক(সকল) ……………………………………………………………

৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)…………………………………………………

৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৭। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ আবুল হোসেন)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২৪৮১১১১৬৪

একই স্মারক ও তারিখের সংশোধিত পত্র

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৪)		তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়ঃ ২০১৯ সনে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকঃ)ও দাখিল (ভোকঃ) দশম শ্রেণি চূড়ান্ত পরীক্ষার বাস্তব প্রশিক্ষণ নম্বর বোর্ডে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসএসসি (ভোকঃ) ও দাখিল (ভোকঃ) শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান-২০১২ অনুযায়ী পরীক্ষা সমাপ্তির পর  পরীক্ষার্থীদের ৪ (চার) সপ্তাহের জন্য শিল্প-কারখানায় বাস্তব প্রশিক্ষণে প্রেরণের বিধান রয়েছে। সে মোতাবেক তাত্ত্বিক ও ব্যবহারিক পরীক্ষা শেষে আগামী ০২/০৩/২০১৯ তারিখ থেকে বাস্তব প্রশিক্ষণ শুরু করে ১৩/০৪/২০১৯ তারিখে তা শেষ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার পর  ১৬/০৪/২০১৯ তারিখের মধ্যে বাসত্মব প্রশিক্ষনের মূল্যায়নী নম্বর ট্রেডভিত্তিক অনলাইনে প্রেরণ করতে হবে এবং ১৭/০৪/২০১৯ তারিখ প্রিন্ট করতে হবে এবং ২২/০৪/২০১৯ তারিখের মধ্যে-এর হার্ড কপি বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩

প্রাপকঃ

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৪)		তারিখঃ ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১-৩।	সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪।	জেলা প্রশাসক(সকল) ........................................................................
৫।	উপজেলা নির্বাহী অফিসার(সকল)............................................................
৬।	সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭।	সংশ্লিষ্ট নথি।



**(মোঃ আবুল হোসেন)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২৪৮১১১১৬৪

D:\PDF\SSC VOC\2338.doc

একই স্মারক ও তারিখের সংশোধিত পত্র

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৫) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়ঃ এসএসসি (ভোকঃ)/দাখিল (ভোকঃ) দশম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষা-২০১৯ এর কেন্দ্র তালিকা ও পরীক্ষার সময়সূচি প্রেরণ প্রসংঙ্গে।

আগামী ০২-০২-২০১৯ তারিখ হতে দেশব্যাপী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকঃ)/ দাখিল(ভোকঃ) দশম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষা আরম্ভ হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য নির্বাচিত পরীক্ষা কেন্দ্রের একটি করে তালিকা ও একটি করে পরীক্ষার সময়সূচির কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসংঙ্গে প্রেরণ করা হ'ল।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩

**প্রাপকঃ**

**জেলা প্রশাসক (সকল)**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৫) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।]

২-৪৬৪। উপজেলা নির্বাহী অফিসার, ...............................................................................................

৪৬৫-২১৩২। কেন্দ্র সচিব (সকল) .....................................................................................

২১৩৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২১৩৪। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ আবুল হোসেন)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকঃ)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২৪৮১১১১৬৪

D:\PDF\SSC VOC\2338.doc

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
ভোকেশনাল শাখা

**Web site : www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৬) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়ঃ এসএসসি(ভোকঃ) ও দাখিল(ভোকঃ) দশম শ্রেণির চূড়ান্ত পরীক্ষা-২০১৯ এর ভেন্যু নির্বাচন এবং ভিজিলেন্স টিম গঠন প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি(ভোকঃ)/দাখিল(ভোকঃ) শিক্ষাক্রমের দশম শ্রেণির চূড়ান্ত পরীক্ষা আরম্ভ হবে। সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে উক্ত পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্ত বিশেষ কারণ ব্যতীত (উপ-কেন্দ্র) ভেন্যুতে পরীক্ষা নেওয়া যাবেনা। মূল কেন্দ্রেই পরীক্ষা গ্রহণ করতে হবে। তবে নিজ প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে অন্য প্রতিষ্ঠানের শিক্ষক/কক্ষ পরিদশক দায়িত্ব পালন করবেন। এক্ষেত্রে কক্ষ পরিদর্শীর তালিকা প্রস্তুত করে বোর্ডকে অবহিত করতে হবে এবং কোনক্রমেই খন্ডকালীন ( পার্টটাইম শিক্ষক) কক্ষ পরিদর্শী হতে পারবেনা।

শামিত্ম শৃঙ্খলা রক্ষার জন্য একজন ম্যাজিস্ট্রেট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানান হ'ল।

স্বাক্ষরিত/-
**( ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোনঃ ৯১১৩২৮৩
ফ্যাক্সঃ ০২-৯১৪৪২০৬

**প্রাপকঃ**

**জেলা প্রশাসক** (সকল)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৬) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।]
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৪-৬। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। উপজেলা নির্বাহী অফিসার(সকল)।
৮। কেন্দ্র সচিব (সকল)।
৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ আবুল হোসেন)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোনঃ ০২৪৮১১১১৬৪

D:\PDF\SSC VOC\2338.doc

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

**Website : www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৭) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

**বিষয়ঃ এসএসসি (ভোকঃ) ও দাখিল (ভোকঃ) শিক্ষাক্রমের দশম শ্রেণির পরীক্ষা-২০১৯ এর দৈনিক প্রতিবেদন (Report) প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে আপনার জেলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য মনোনীত কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা; উপস্থিত, অনুপস্থিত, বহিস্কৃত পরীক্ষার্থীর সংখ্যা এবং বহিস্কৃত পরিদর্শকের সংখ্যা (যদি থাকে) প্রতিদিন পরীক্ষা শেষ হওয়ার অব্যবহিত পর অত্র বোর্ডে স্থাপিত কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষে গ্রহণ করা হবে। সে মোতাবেক অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের নিম্নেবর্ণিত টেলিফোন, মোবাইল, নম্বরে সংশ্লিষ্ট তথ্যাদি জানানোর/প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিশেষ অনুরোধ করা হ'ল। আপনার অফিসে স্থাপিত পরীক্ষা সংক্রান্ত কন্ট্রোল রুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, টেলিফোন, মোবাইল নম্বর ইত্যাদি কারিগরি শিক্ষা বোর্ডকে জানানোর জন্যও অনুরোধ জানাচ্ছি।

মোবাইলঃ- ০১৭২৮২৭০০৭৩,০১৭১৭৭৯৬৫০৩,০১৯১৮৬৪৬৩৯০,০১৭৫১০৩৫০৩৬

টেলিফোন নম্বরঃ ০২-৪৮১১১১৬৪, ০২-৯১১৩২৮৩

বিষয়টি অতীব জনগুরুত্বপূর্ণ।

স্বাক্ষরিত/-

**(ড. সুশীল কুমার পাল)**

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৩২.৩৩০.১৬-৭৪(৭) তারিখঃ ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলঃ**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয়, ঢাকা-১০০০।]

২-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫। উপজেলা নির্বাহী অফিসার(সকল), (আপনার উপজেলার আওতাধীন কেন্দ্রসমূহের প্রতি দিনের উল্লেখিত তথ্যসমূহ জেলা প্রশাসক মহোদয়ের বরাবরে পরীক্ষা সমাপ্তির পর জরুরি ভিত্তিতে জানানোর জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল)

৬। কেন্দ্র সচিব (সকল), (আপনার কেন্দ্রের প্রতি দিনের উল্লেখিত তথ্যসমুহ জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের নিকট পরীক্ষা সমাপ্তির পর জরুরি ভিত্তিতে জানানোর জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল)

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৮। সংশ্লিষ্ট নথি।

**(মোঃ আবুল হোসেন)**

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ০২৪৮১১১১৬৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
**ভোকেশনাল (পরীক্ষা) শাখা**
www.bteb.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার
**সীমিত**

**নম্বর ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.০০৯.১৮.৬** **তারিখ: ৯ মাঘ ১৪২৫**
**২২ জানুয়ারি ২০১৯**

বিজ্ঞপ্তি/নোটিশ

চেয়রম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২ ফেব্রুয়ারি **২০১৯ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে:**

**১. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী এর পর পরীক্ষা কেন্দ্রে আসলে রেজিস্টারে নাম, ক্রমিক নং ও বিলম্বের কারণ উল্লেখ করতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন কেন্দ্র সচিব বোর্ডকে অবহিত করবে।**

২. কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্র সচিব ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবে। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) নিয়োগ দিতে হবে। তাঁরা ট্রেজারী/থানা হতে কেন্দ্র সচিব বা তাঁর উপযুক্ত প্রতিনিধিসহ প্রশ্নপত্র গ্রহণ করে পুলিশ **প্রহরায় কেন্দ্রে নিয়ে যাবেন। নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) এর উপস্থিতি ব্যতীত প্রশ্ন বের করা যাবে না বা বহন করা যাবে না।**

**৪. প্রশ্নের সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেটকোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।**

**৫. পরীক্ষা চলাকালীন ও এর আগে পরে পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

৬. অনিবার্য কারণে কোন পরীক্ষা বিলম্বে শুরু হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথারীতি প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় দিতে হবে।

৭. অনিবার্য কারণ ব্যতীত ভেন্যু (উপ-কেন্দ্র) করা যাবে না। তবে নিজ কেন্দ্রে নিজ প্রতিষ্ঠানের **শিক্ষার্থীদের ক্ষেত্রে অন্য প্রতিষ্ঠানের শিক্ষককে কক্ষ পরিদর্শী হিসেবে নিয়োগ দিতে হবে। এ ক্ষেত্রে কক্ষ পরিদর্শীর তালিকা প্রস্তুত করে বোর্ডকে অবহিত করতে হবে এবং কোন ভাবেই খন্ডকালীন (পার্ট টাইম) শিক্ষককে কক্ষ পরিদর্শীর দায়িত্ব দেয়া যাবে না।**

বিষয়গুলো নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-১-২০১৯
ড. প্রকৌঃ সুশীল কুমার পাল
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর
৩) পরিচালক, পরিচালক (কারিকুলাম)-এর দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) জেলা প্রশাসক (সকল)
৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৬) কেন্দ্র সচিব, (সকল), .
৭) জেলা প্রশাসক (সকল)
৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)